# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য “فَأَتْبَعَهُ الْمَاءَ” এর দ্বারা উদ্দেশ্য হলো তিনি পানি ছিটিয়ে দিয়েছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ عَائِشَةَ: (فَأَتْبَعَهُ الْمَاءَ) أَرَادَتْ بِهِ: رشَّه عَلَيْهِ

আরবী

1370 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ الرَّيَانِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ: عَنْ أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنٍ الْأَسَدِيَّةِ قَالَتْ: دَخَلْتُ بِابْنٍ لِي لَمْ يَأْكُلِ الطَّعَامَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَالَ عَلَيْهِ فَدَعَا بِمَاءٍ فَرَشَّهُ عليه.

الراوي : أُمِّ قَيْسٍ بِنْت مِحْصَنٍ الْأَسَدِيَّة | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1370 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৭০. উম্মু কায়েস বিনতু মিহসান আল আসাদী রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আমার ছেলে, যে দুধ ছাড়া কোন খাদ্য খায় না, তাকে নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যাই, অতঃপর বাচ্চা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পেশাব করে দেয়। তারপর তিনি পানি নিয়ে আনতে বলেন এবং তাতে পানি ছিটা দেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৪৮৬; হুমাইদী: ৩৪৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২০; মুসনাদ আহমাদ: ৬/৩৫৫; সহীহ আল বুখারী: ৫৬৯৩; সহীহ মুসলিম: ২৮৭; তিরমিযী: ৭১; ইবনু মাজাহ: ৫২৪; ইবনুল জারূদ: ১৩৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৬৪; আবূ দাঊদ: ৩৭৪; দারেমী: ১/১৮৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু কায়স বিনত মিহসান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90684

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন